

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd

স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৫৬.০০৩.১২- ১১৬

তারিখঃ ০৫/০৮/২০১৮


বিষয় : মানব পাচাররোধ সংক্রান্ত আন্তঃসংস্থা এবং সরকারি ও বেসরকারি সংস্থার সমন্বয়ে গঠিত কমিটির ৯১তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পত্র সংখ্যা- ৪৪.০০.০০০০.০৭৬.০৭.০০২.১৮-২৪৩ তারিখ- ২৬/০৭/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে মানব পাচার রোধ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয়/আন্তঃ সংস্থা এবং সরকারী ও বেসরকারি সংস্থার সমন্বয়ে গঠিত কমিটির ৯১তম সভার গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :

“সকল এনজিও মানব পাচার বিরোধী প্রচারণাসহ সমাজের অন্যান্য সমস্যার কুফল নিয়ে প্রচারণা চালাবে এবং গৃহীত কার্যক্রম জননিরাপত্তা বিভাগে নিয়মিত মাসিক রিপোর্ট আকারে প্রেরণ করবে। এনজিওদের প্রচারণার সরঞ্জাম/ নমুনা তথ্য মন্ত্রণালয়ে, বিটিভি ও বাংলাদেশ বেতারে সরবরাহ করতে হবে। ”

২। উপরিউক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে মানব পাচার বিরোধী প্রচারণাসহ সমাজের অন্যান্য সমস্যার কুফল নিয়ে প্রচারণা চালানো এবং গৃহীত কার্যক্রম জননিরাপত্তা বিভাগে নিয়মিত মাসিক প্রতিবেদন আকারে প্রেরণ করতে হবে। প্রচারণার নমুনা/সরঞ্জাম তথ্য মন্ত্রণালয়, বিটিভি ও বাংলাদেশ বেতারে সরবরাহ করে ব্যুরোকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



সামছুদ্দিন মুন্না

সহকারী পরিচালক

(সিনিয়র সহকারী সচিব)

munnaahmed16746@gmail.com

.....

.....

.....

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, বেতার ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো।
৬. পিএ টু মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।